দৈনিক ইত্তেফাক

তারিখ ২৩ JAN 1996
পৃষ্ঠা ৩ কলাম ৪

## কিন্ডারগার্টেন এসোসিয়েশনের দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। বাংলাদেশ কিণ্ডার গার্টেন এসোসিয়েশন গত রবিবার স্থানীয় একটি হোটেলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে কিণ্ডার গার্টেন স্কুলগুলিকে বিনামূল্যে বই প্রদান,

( ৮ম পৃঃ দ্রঃ )

## কিণ্ডার গার্টেন

( ৩য় পৃঃ পর )

সহজ শর্তে রেজিষ্ট্রেশন প্রদান, কিণ্ডার গার্টেনের জন্য পৃথক বোর্ড গঠন, শিক্ষকদের জন্য সরকারীভাবে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনসহ ৯-দফা দাবী পূরণের জন্য সরকারের প্রতি আহ্বান জানাইয়াছে। অন্যথায় এসোসিয়েশন বৃহত্তর আন্দোলনের কর্মসূচী গ্রহণ করিবে।

এসোসিয়েশনের মহাসচিব মোঃ নুরুজ্জামান কায়েস তাহার লিখিত বক্তব্যে বলেন, দেশে কিণ্ডার গার্টেনের সংখ্যা ৬ সহস্রাধিক এবং ছাত্র-ছাত্রীর সংখ্যা ১০ লক্ষাধিক। কিণ্ডার গার্টেনের শিশুরা নানা মানসিক সমস্যার শিকার বলিয়া যে জরিপ রিপোর্ট প্রকাশিত হইয়াছে তিনি তাহা অস্বীকার করিয়া বলেন, এই তথ্য সমগ্র জাতিকে স্তম্ভিত ও বিস্মিত করিয়াছে। এসোসিয়েশনের নেতৃবৃন্দ বলেন, ইংরেজী মিডিয়াম কিণ্ডার গার্টেন স্কুলগুলির মত বাংলা মিডিয়ামের স্কুলগুলি শিক্ষা লইয়া ব্যবসা করে না। তাহারা বলেন, আমাদের কিণ্ডার গার্টেনে অভিন্ন পাঠ্য তালিকা রহিয়াছে।

ICS

3. SYSTEM

SHEET — OF — SHEETS